



# VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE

1/A, New Baily Road, Ramna, Dhaka-1000

e-mail: vnsc\_bd@yahoo.com, vnsc.edu@gmail.com

www.vnsc.edu.bd

Phone: 58310500

## ২য় থেকে ৯ম শ্রেণির শূন্য আসনে ভর্তির নোটিশ-২০২০

এতদ্বারা জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টের আদেশ ও নির্দেশনা এবং ঢাকা শিক্ষা বোর্ডের অনুমোদন ও নির্দেশনা অনুসারে ডিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের ২০২০ শিক্ষাবর্ষে বিভিন্ন শাখার ২য় থেকে ৮ম শ্রেণির বাতিল করা পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো। শূন্য আসনের বিপরীতে ২য়-৮ম শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধা তালিকার স্থান পাওয়া ও ৯ম শ্রেণিতে ঢাকা শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত মেধাতালিকার ভিত্তিতে নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ করে ও ভর্তি ফি পরিশোধ করে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে আসন সংখ্যা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, কিছু শ্রেণিতে মেধাতালিকার একাধিক পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর একই হওয়ায় আসন সংখ্যা বৃদ্ধি করতে হয়েছে। আবার কিছু শ্রেণিতে পরীক্ষার্থীরা পাশ নম্বর না পাওয়ায় মেধা তালিকায় আসন সংখ্যার চেয়ে কম ফলাফল প্রকাশ করা হয়েছে।

ক্র. নং	বিবরণ	তারিখ
০১	নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির জন্য এসএমএস এর মাধ্যমে User ID ও Password প্রদান (আবেদন ফরমে উল্লেখিত SMS নম্বরে)	২৪/১০/২০২০ বিকাল ০৪:০০টা
০২	নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফি প্রদান, ভর্তি ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ	২৪/১০/২০২০ তারিখ বিকাল ০৪:৩০টা হতে ২৯/১০/২০২০ তারিখ বিকাল ০৪:০০টা পর্যন্ত
০৩	পূরণকৃত ভর্তি ফরম স্ব স্ব শাখায় জমা দেওয়ার সময়সূচী	পরবর্তীতে জানিয়ে দেয়া হবে প্রভাতি: সকাল ০৯:০০টা থেকে দুপুর ১২:০০টা দিবা : দুপুর ০১:০০টা থেকে বিকাল ০৪:০০টা
০৪	ক্লাস শুরু	বর্তমানে অনলাইনে চলমান
০৫	ক্লাসের সময়সূচী	প্রভাতি: সকাল ০৭:৩০টা থেকে ১২:৩০টা দিবা : দুপুর ১২:৪০টা থেকে ০৫:৩০টা

ভর্তি ফিসঃ বাংলা মাধ্যম : ৭,৮০০/- (সাত হাজার আটশত টাকা)

ইংরেজি মাধ্যম : ১০,০০০/- (দশ হাজার টাকা)

বিশেষ দ্রষ্টব্য :

- সোনালী ব্যাংক লিমিটেড এর অনলাইন পেমেন্ট গেটওয়ে/bKash App এর পে-বিল মাধ্যমে ভর্তি ফিস প্রদান করে ও ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ভর্তিকৃত ছাত্রীদের ভর্তি ফরম জমা দেওয়ার সময় অবশ্যই মূল প্রবেশ পত্র, অনলাইনে প্রদানকৃত বেতন রশিদের কপি, পূর্বের শিক্ষা প্রতিষ্ঠানের ছাড়পত্র (২য় থেকে ৫ম শ্রেণি ব্যতীত) এবং প্রার্থীর জন্ম নিবন্ধন এর কপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করে উপরে উল্লেখিত নির্ধারিত সময়ে স্ব স্ব শাখায় জমা দিতে হবে।
- ৯ম শ্রেণির ক্ষেত্রে জে.এস.সি. পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ও Admit Card এর কপি সংযুক্ত করতে হবে।
- নির্বাচিত শিক্ষার্থীর ভর্তি কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করতে ব্যর্থ হলে উক্ত আসনটি শূন্য বলে গণ্য হবে এবং শূন্য আসন অপেক্ষমান তালিকার ক্রমানুসারে পূরণ করা হবে।
- ক্লাস শুরুর প্রথম দিন হতে স্কুলের নির্ধারিত পোশাক পরে স্কুলে আসতে হবে।
- অনলাইনে আবেদন ফরম পূরণ ও বেতন পরিশোধের জন্য কারিগরি সহযোগিতার জন্য হেল্পলাইন নম্বর:  
০১৮৬৭২৬৮৪২২, ০১৮৬৬৭৮৫১৮৩, ০১৮৬৬৭৮৫১৮৪, ০২-৪৮৩১৭৫১৩, ০২-৪৮৩১৭৫১৯,  
০২-৪৮৩১৭৫২৭, ০২-৪৮৩১৭৫২৯ (সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত)
- হেল্প ডেস্ক: মূল শাখার কক্ষ নং - ১১১ ও অন্যান্য শাখার অফিস কক্ষ (সকাল ১০:০০টা থেকে দুপুর ২:০০টা পর্যন্ত)

২১/১০/২০

প্রফেসর ফওজিয়া

অধ্যক্ষ

ডিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

আবদ্যাপুর ফওজিয়া

আইডি নং-৬৩১৭

অধ্যক্ষ

ডিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

ঢাকা।